

চেয়ারম্যান মহোদয়ের জীবন বৃত্তান্ত



মুহঃ মাহবুবুর রহমান

চেয়ারম্যান (গ্রেড-১)

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব (গ্রেড-১) জনাব মুহঃ মাহবুবুর রহমান বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের চেয়ারম্যান হিসেবে ০৭ ডিসেম্বর ২০২১ তারিখ যোগদান করেন। বিসিকে যোগদানের পূর্বে তিনি সরকারি কর্মচারী হাসপাতালের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব মুহঃ মাহবুবুর রহমান ২৫ জানুয়ারি ১৯৬৫ সালে যশোর জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম মৌলভী আজাহার উদ্দীন আহমদ পেশায় একজন শিক্ষক ও স্থানীয় পর্যায়ে মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ছিলেন। তাঁর রত্নগর্ভা মাতা মরহুম বেগম আনোয়ারা খাতুন একজন গৃহিণী ছিলেন। তাঁর সকল ভাই-বোন নিজ নিজ কর্মক্ষেত্রে সফল এবং সুপ্রতিষ্ঠিত।

জনাব মুহঃ মাহবুবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগ হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তাঁর স্কুল জীবন কেটেছে যশোর জিলা স্কুল এবং পরবর্তীতে যশোর সরকারি এম এম কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাশ করেন।

জনাব মুহঃ মাহবুবুর রহমান বিসিএস (প্রশাসন) ক্যাডারের একাদশ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ০১ এপ্রিল ১৯৯৩ সালে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর যোগদান করেন। পরবর্তীতে মাঠ প্রশাসনে সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসারসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি ২০১০ থেকে ২০১৩ সাল পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৪-২০১৭ সাল পর্যন্ত মাগুরা জেলার জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১৯ সালের ৯ সেপ্টেম্বর সরকারি কর্মচারী হাসপাতালের পরিচালকের দায়িত্বভার গ্রহণ করেন। এর কিছুদিন পরই শুরু হয় কোভিড-১৯ অতিমারী বিভীষিকা। এই করোনা অতিমারীর সময়ে সরকারি কর্মচারী হাসপাতালের পরিচালক হিসেবে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন।

পেশাগত দক্ষতা অর্জনের জন্য তিনি চীন, জাপান, ভারত, কোরিয়া, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, গ্রীসসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন।

পারিবারিক জীবনে তিনি এক কন্যা ও পুত্র সন্তানের জনক এবং তাঁর সহধর্মিণী একজন গৃহিণী।